D-4811

# সাফ বিক্রয় কোবালা

কোবালা গ্রহিতা

নেপাল ট্রেড কম প্রাইভেট লিমিটেড

পক্ষে ডাইরেক্টর

শ্রী দীনেশ সিং

এবং

কোবালা দাতাগণ

শ্রী শিবচরণ দাস এবং অন্যান্য

মুসাবিদাকারক ঃ

অলোক সাফুই

আইনজীবি

আলিপুর পুলিশকোর্ট

কলকাতা-৭০০ ০২৭

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 605415

মং ১০,০০,০০০ দশ লক্ষ টাকা পণ মূল্যের

নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল

কোবালা গ্রহীতা : -

District Sub-Registrar-IV
Alipore, South 24-Parganas

নেপাল ট্রেড কম প্রাইভেট লিমিটেড্ যাহার অফিস ঠিকানা- ২৮৪/এ, বি.বি. গাঙ্গুলী স্ট্রিট, কলকাতা-৭০০ ০১২, এর পক্ষে ডাইরেক্টর শ্রী দীনেশ সিং পিতা - শ্রী নওল কিশোর সিং, জাতি - হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা - ব্যবসা সাকিন - ২১৭, হোসেনপুর, পোস্ট : ই.কে.টি.পি. থানা - তিলজলা, কলকাতা - ৭০০১০৭।

No. 8495 Date 19/8/2009
Sold to Alok Safui Adv
of Alipur Police court
Kol 27
Purpose sale

Samiran Das
Stamp Vendor
Alipore Police Court
Kol 27

8495 Rs sale

NEPAL TRADECOM PRIVATE LIMITED
Dinesh Singh
Director.

1180

NEPAL TRADECOM PRIVATE LIMITED
Dinesh Singh
Director.

1175

Sib Charan Das

1176

1179

District Sub-Registrar-IV
Alipore, South 24-Parganas

কোবালা দাতাগণ ঃ-

(১) শ্রী শিবচরণ দাস (২) শ্রী ভোলা নাথ দাস, (৩) শ্রী শম্ভু নাথ দাস, (৪) শ্রী শঙ্কর নাথ দাস (৫) শ্রী হরনাথ দাস সকলের পিতা-স্বর্গীয় পান্নালাল দাস, সকলের জাতি-হিন্দু, সকলের পেশা-চাষ, চাকুরি, সকলের সাং-রাজপুর, থানা-সোনারপুর, সাবরেজিষ্ট্রী বারুইপুর জেলা ২৪ পরগণা।

কস্য ৪নং বিধি মতে রায়ত স্বত্ব বিশিষ্ট স্বত্বের নিম্ন তপশীলে বর্ণিত কমবেশ ২৫ শতক ডাঙ্গা ও শালি জমি জমা মায় কমন প্যাসেজের যাতায়াত সহ যাবতীয় ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সহ সাজপাট আকর আওলাতাদি দরবস্ত হক হকুক, নির্দায়, নির্দ্দোষ অবস্থায় নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা মিদং কার্য্যাঞ্চাগে ঃ—

জেলা দক্ষিন ২৪ পরগণা, থানা ও সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর, পরগণা - মেদনমল্ল রাজপুর-সোনারপুর মিউনিসিপ্যালিটির অন্তর্গত ২৬নং ওয়ার্ড ভুক্ত মৌজা-রাজপুর গ্রামের, জেলা কালেকটারীর ২৫০নং তৌজি ভুক্ত, জে.এল.নং ৫৫, রে.সা. ১০৯, দখলি স্বত্ববিশিষ্ট স্বত্বের ১৪নং খতিয়ানের অধীন ৫৫ নং দাগে .৬৩ শতক ডাঙ্গা জমি জমা স্বর্গীয় নিবারণ চন্দ্র গায়েন মহাশয়ের নিজ স্বোপার্জিত অর্থের দ্বারা গত ইং ৪।১২।৫০ তারিখে সরস্বতী দাসী দিগরের নিকট হইতে উপযুক্ত পণে বারুইপুর সাবরেজিষ্ট্রী অফিসের ১নং বহির, ৭৬ নং

1177

Santosh Das

1178

[illegible]

Debasis Das.
S/o Sil Charan Das.
Rajpur.
P.S.- Sonarpur
DT. 24 P.G.S.
Kol - 149.

**District Sub-Registrar-IV**
Alipore, South 24-Parganas

ভল্যুমে, ৮৯ হইতে ৯৩ নংপাতায় লিখিত ৫৯০১নং কোবালা দলিল দ্বারা খরিদ করিয়া অন্যের বিনা সংশ্রবে নির্ব্বিবাদে ভোগদখলিকার থাকাকালে রিভিসন্যাল সেটেলমেন্টে হয় উক্ত রিভিসন্যাল সেটেলমেন্টে উক্ত .৬৩ শতক খাস দখলিকার জমি জমা নিবারণ চন্দ্র গায়েনের নাম বরাবরে রেকর্ড হইয়াছে। উক্ত রিভিসন্যাল সেটেলমেন্টের পর উক্ত নিবারণ চন্দ্র গায়েন মহাশয় পরলোকগমন করিলে তৎত্যক্ত সম্পত্তি তিন পুত্র শরৎ চন্দ্র গায়েন, ভরত চন্দ্র গায়েন, হরেন্দ্র নাথ গায়েন এবং পত্নী গিরিবালা গায়েন সম অংশে প্রাপ্ত হইয়া এজমালে খাসে ভোগদখলিকার থাকাকালে নগদ অর্থের আবশ্যকে উক্ত শরৎচন্দ্র গায়েন তাহার স্বত্বাংশে ১৫°/৪ শতক জমি জমা গত ইং ২।৬।৭৫ তারিখে শ্রীমতী যমুনাবতী সরদার স্বামী-কমল চন্দ্র সরদার, সাকিন-নওয়াপাড়া, থানা-সোনারপুর, জেলা দক্ষিন ২৪ পরগণা এবং শ্রী সুভদ্রা মন্ডল, স্বামী গৌরচন্দ্র মন্ডল মহাশয়াদিগকে তাহার নগদ অর্থের আবশ্যকে উপযুক্ত পণে বিগত ১৯৭৫ সালে সোনারপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১নং বহির, ৪৩নং ভল্যুমে, ৩১ হইতে ৩৩ নং পাতায় লিখিত, ২৫০৭নং কোবালা দলিল দ্বারা বিক্রয় করিয়া দিয়া চিরতরে নিঃস্বত্ত্বা ও দখলচ্যুত্ত্ব হয়েন।

অতঃপর উক্ত ভরত চন্দ্র গায়েন, হরেন্দ্র নাথ গায়েন এবং গিরিবালা গায়েন তাহাদের পিতা ও স্বামীর ওয়ারিশ সূত্রে এবং যমুনাবতী সরদার ও সুভদ্রা মন্ডল যৌথভাবে তাহাদের খরিদা সম্পত্তিতে ভোগদখলকারিনী থাকাবস্থায় উক্ত ভরত চন্দ্র গায়েন, হরেন্দ্র নাথ গায়েন ও গিরিবালা গায়েন, যমুনাবতী সরদার এবং সুভদ্রা মন্ডল যৌথভাবে তাহাদের নগদ অর্থের আবশ্যকে তাহাদের মালিকানাধীন জমি জমার মধ্যে ১৪ খতিয়ানে ৫৫ নং দাগে মোট কমবেশ ৬৩ শতক ডাঙ্গা জমি জমার মধ্যে উত্তরাংশ হইতে ৩১১/২ শতক ডাঙ্গা জমি জমা

District Sub-Registrar-IV
Alipore, South 24-Parganas

তাহাদের নগদ অর্থের আবশ্যকে বিগত ইংরাজী ১৯৭৫ সালে বারুইপুর সাবরেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১নং বহির, ৬৬ নং ভল্যুমে, ১৭৯ হইতে ১৮৩নং পাতায়, ৪৪৭৮ নং এককেতা সাফ বিক্রয় দলিল মূলে আমি অত্র ৩নং কোবালা দাতাকে অর্থাৎ শ্রী শম্ভু নাথ দাসকে বিক্রয় করিয়া দিয়া চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন।

উল্লেখ থাকে যে, উক্ত ভরত চন্দ্র গায়েন, হরেন্দ্র নাথ গায়েন ও গিরিবালা গায়েন, যমুনাবতী সরদার এবং সুভদ্রা মন্ডল যৌথভাবে তাহাদের মালিকানাধীন উক্ত ১৪ খতিয়ানে ৫৫ নং দাগে মোট কমবেশ ৬৩ শতক ডাঙ্গা জমি জমার মধ্যে দক্ষিনাংশ হইতে ৩১ ১/৪ শতক ডাঙ্গা জমি জমা অত্র কোবালা দলিলের ২নং দাতা শ্রী ভোলানাথ দাস মহাশয়কে বিগত ইংরাজী ১৯৭৫ সালে বারুইপুর সাবরেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১নং বহির, ৬৬ নং ভল্যুমে, ১৭৪ হইতে ১৭৮নং পাতায়, ৪৪৭৭ নং এককেতা সাফ বিক্রয় দলিল মূলে বিক্রয় করিয়া দিয়া নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন।

অতঃপর ১ হইতে ৫নং দাতা আমাদের পিতা পান্নালাল দাস ৬০/২ নং খতিয়ানে ৫৮ নং দাগে ১.৪৯ একর শালি জমি জমা সহ আরো অন্যান্য দাগের জমি জমা বিগত ২৮/৭/৩৩ তারিখে এককেতা রেজিস্ট্রীকৃত কোবালা মূলে জনৈক অনুকুল চন্দ্র ভট্টাচার্য্যের নিকট হইতে খরিদ করিয়া উহাতে অন্যের নিরাংশে নির্ব্বিবাদে খাসে ভোগবান ও মালিক দখলিকার থাকাবস্থায় বারুইপুর সাবরেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১৯৬৫ সালের ১নং বহির, ৪০ নং ভল্যুমে ৩৩ হইতে ৩৭ নং পাতায় লিখিত, ১৮৪৯ নং দানপত্র দলিল মূলে আমরা অত্র ১

**District Sub-Registrar-IV**
**Alipore, South 24-Parganas**

হইতে ৫ নং দাতাগণকে দান করিয়া দিয়া চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন। এবং আমরা অপর একটি দানপত্র দলিল যাহা বারুইপুর সাবরেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১৯৬৮ সালে ১নং বহির, ৫০ নং ভল্যুমে, ১৬৭ হইতে ১৭১ নং পাতায় লিখিত ৪৩৬৭ নং দানপত্র দলিল হইতেছে, উক্ত দলিল মূলে ৬০/২ নং খতিয়ানে ৫৪ নং দাগে ৬০ শতক শালি জমি জমা আমাদের পিতা পান্নালাল দাস মহাশয় আমাদিগকে দান করিয়া দিয়া চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন।

এমত প্রকারে আমরা অত্র কোবালা দাতাগণ উক্ত জমি জমা খরিদ এবং দান সূত্রে প্রাপ্ত হইয়া উহাতে এযাবৎকাল অন্যের নিরাংশে, নির্ব্বিবাদে, খাসে ষোল আনা মালিক স্বরূপে ভোগদখলীকার নিয়ত আছি ও হইতেছি।

এক্ষনে আমাদের নানাবিধ বৈধ ও সঙ্গত কারণে নগদ অর্থের বিশেষ আবশ্যকে ২নং দাতা (শ্রী ভোলানাথ দাস) আমার খরিদা ও দানসূত্রে প্রাপ্ত এবং ১,৩,৪, ৫ নং দাতাগণ আমাদের দানসূত্রে প্রাপ্ত জমি জমার ৫৫ নং দাগে ১০ শতক এবং ৫৮ নং দাগে ৫ শতক, ৫৪ নং দাগে ১০ শতক, একুনে তিনটি দাগে সর্ব্বমোট ২৫(পঁচিশ) শতক শালি ও ডাঙ্গা জমি জমা বিক্রয় করিবার ঘোষণা করিলে অত্র কোবালার গ্রহীতা সংস্থার পক্ষে ক্রেতা আপনি আমার প্রস্তাবে সম্মত হইয়া উক্ত সম্পত্তি উক্ত ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা মূল্যে খরিদ করিতে স্বীকৃত হইলে আমি অদ্য তারিখে আপনার নিকট হইতে নিম্ন টাকার জায় মোতাবেক স্বাক্ষীগণের সম্মুখে বিক্রয় মূল্যের সমুদয় টাকা গ্রহণ করিয়া ও উক্ত অর্থের প্রাপ্তি স্বীকার করিয়া উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আমি অত্র কোবালা গ্রহীতা সংস্থার নিকট চিরতরে বিক্রয় করিলাম এবং স্বাক্ষীগণের সম্মুখে সহি সম্পাদন করিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে ঃ-

District Sub-Registrar-IV
Alipore, South 24-Parganas

অত্র কোবালার গ্রহীতা সংস্থার পক্ষে ক্রেতা আপনি অদ্য হইতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান ও মালিক দখলিকার হইয়া কালেকটারী ও বর্তমানে রাজপুর-সোনারপুর মিউনিসিপ্যালিটি অধীনে অত্র কোবালার গ্রহীতা সংস্থার পক্ষে ক্রেতা আপনার নিজ নাম পত্তন পূর্বক দান, বিক্রয়, বন্ধকাদি সর্বপ্রকার হস্তান্তরে অবাধ ক্ষমতা যুক্তে পুত্র, পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে যদৃচ্ছা পরম সুখে ভোগদখল করিতে থাকুন, তাহাতে আমরা মায় আমাদের ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে কেহ কস্মিন কালে কোন প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিব না ও পারিবেক না। করিলেও তাহা সর্বত্র সর্ব্বাদালতে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য বলিয়া গণ্য হইবে।

অত্র বিক্রীত সম্পত্তি আমরা ইতিপূর্বে অপর কাহাকেও দান, বিক্রয়, বায়না, প্রজাবিলি, চার্জ, সিকিউরিটি ইত্যাদির দ্বারা বা অন্য কোন প্রকারে হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই বা উহাতে আমরা ব্যতীত আমাদের অপর কোন শরিক দাবীদার বা অংশীদার নাই বা উহা কোন আদালত কর্ত্তৃক নিলাম বিক্রয় হয় নাই বা ক্রোকবদ্ধ নহে বা উহা ইতিপূর্বে কোন দেবসেবা বা জনহিতকর কার্যো অর্পন করি নাই বা উহা কোন পীরোত্তর ভুক্ত বা উহা কলকাতা ল্যাণ্ড এ্যাকুইজিশান বা কোন পাবলিক বডি কর্ত্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান নহে বা ঐরূপ হইবার জন্য অদ্যাবধি আমাদের উপর কোন প্রকার নোটিশ জারি হয় নাই বা উক্ত সম্পত্তি বিক্রয়ের প্রতিশ্রুতিতে ইতিপূর্বে কাহারও সহিত কোন প্রকার লিখিত বা মৌখিক চুক্তিতে আবদ্ধ নাই বা উক্ত সম্পত্তির দরুন কোন প্রকার মামলা মোকর্দ্দমা দায়ের বা চলতি নাই বা উক্ত সম্পত্তি পশ্চিমবঙ্গ সরকার কর্ত্তৃক ভেষ্ট নহে সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ স্বত্বযুক্ত ও খাস অবস্থায় আমাদের দখলে ও বিক্রয় যোগ্য উক্ত স্বত্ব বিদ্যমান থাকাবস্থায় অত্র দলিল মূলে অত্র কোবালার গ্রহীতা সংস্থার পক্ষে ক্রেতা আপনি সাফ বিক্রয় করিয়া দিয়া

District Sub-Registrar-IV
Alipore, South 24-Parganas

বিক্রীত সম্পত্তি আপনার অনুকূলে খোলসা দখল চিরতরে পরিত্যাগ করিলাম।

ভবিষ্যতে অত্র দলিলে কোন রূপ ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পাইলে সেক্ষেত্রে অত্র কোবালার গ্রহীতা সংস্থার পক্ষে ক্রেতা আপনার খরিদা স্বত্ব সম্পূর্ণ দৃঢ়তর করার জন্য অত্র কোবালা পোষকে যুক্তি সঙ্গত যে কোন প্রকার সংশোধনী বা সাপ্লিমেন্টারী দলিল ও এফিডেভিট করার প্রয়োজন হইলে আমরা তাহা বিনা পণে বেওজরে অত্র অত্র কোবালার গ্রহীতা সংস্থার পক্ষে ক্রেতা আপনার খরচায় আপনার তলবমত আপনার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে আমরা মায় আমাদের ওয়ারিশান গণক্রমে বাধ্য রহিলাম ও রহিবেক।

আমরা এতদ্বারা আরও স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে, ভবিষ্যতে উপরোক্ত উক্তি বা উহাতে কোন অংশ মিথ্যা বা তঞ্চকী থাকা প্রকাশ পাইলে মাফিক আইনের আমলে আসিব, অধিকন্তু আমাদের প্রকাশিত স্বত্ব দখলের হীনতা বা ন্যূনতা প্রযুক্ত অত্র কোবালার গ্রহীতা সংস্থার পক্ষে ক্রেতা আপনার খরিদা স্বত্বের বা স্বার্থের হানি বা বিঘ্ন ঘটিলে পণের সমুদয় টাকা মায় যাবতীয় খরচ ও ক্ষতি পূরণ সহ অত্র কোবালার গ্রহীতা সংস্থার পক্ষে ক্রেতা আপনাকে এককালিন ফেরত দিতে আমরা মায় আমাদের ওয়ারিশানগণক্রমে বাধ্য রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনানুরোধে, স্বেচ্ছায় অত্র দলিলের যাবতীয় মর্ম সম্যক অবগত হইয়া ও ভালরূপ বুঝিয়া মায় অত্র দলিলের

District Sub-Registrar-IV
Alipore, South 24-Parganas

পণের সমুদয় মবলগে ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা অত্র কোবালার গ্রহীতা সংস্থার পক্ষে ক্রেতা আপনার নিকট হইতে নিম্ন জায়মত এককালীন নগদ গ্রহণ করিয়া অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিলে অত্র কোবালার গ্রহীতা সংস্থার পক্ষে ক্রেতা আপনার নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম।

ইতি তারিখ ইংরাজী ২০০৯ সালের ২১শে [illegible]

মোতাবেক বাংলার ১৪১৬ সনের [illegible]

<u>তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয়</u>

জেলা দক্ষিন ২৪ পরগণা, থানা ও সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর, পরগণা - মেদনমল্ল রাজপুর-সোনারপুর মিউনিসিপ্যালিটির অন্তর্গত ২৬নং ওয়ার্ড ভুক্ত মৌজা-রাজপুর গ্রামের, জেলা কালেকটারীর ২৫০নং তৌজি ভুক্ত, জে.এল.নং ৫৫, রে.সা.-১০৯, দখলি স্বত্ববিশিষ্ট স্বত্বের ১৪নং খতিয়ানে ৫৫ নং দাগে ১০ শতক এবং ৬০/১নং খতিয়ানে ৫৮ নং দাগে ৫ শতক, ৬০/২নং খতিয়ানে ৫৪ নং দাগে ১০ শতক, একুনে তিনটি দাগে সর্ব্বমোট ২৫ (পঁচিশ) শতক শালি ও ডাঙ্গা জমি জমা মায় আকর, আওলাতাদি সহ যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি অত্র সাফ বিক্রয় কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে। বিক্রীত জমির মধ্যে চাষাবাদ হইতেছে।

District Sub-Registrar-IV
Alipore, South 24-Parganas

Sib Charan Das

GOPAL TRADECOM PRIVATE LIMITED

Dinesh Singh

Director.

## টাকার জমা

Harenath Das.

| তারিখ | নগদ/চেক/ড্রাফটনং | ব্যাঙ্ক | টাকা |
| --- | --- | --- | --- |
| 20/8/09 | 002315 (part) | HDFC | 2,00,000/- |
| 20/8/09 | 002311 (part) | HDFC | 2,00,000/- |
| 20/8/09 | 002314 (part) | HDFC | 2,00,000/- |
| 20/8/09 | 002312 (part) | HDFC | 2,00,000/- |
| 20/8/09 | 002313 (part) | HDFC | 2,00,000/- |
| | | | 10,00,000/- |

Sankar Das

মবলগে ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা

Sib Charan Das

ইসাদি

১। Debasis Das
Rajpur
Kol-149.


২। Basanta Mondal
Jagaddal
Kol - 153

মুসাবিদাকারক :-

Alam Safi
Alipur Police Court
Kol 27


কম্পিউটার বিভাগ :-
চারচাঁদুর কম্পিউটার এ্যান্ড জেরকস্
আলিপুর পুলিশ কোর্ট
কলিকাতা - ২৭।।
অক্ষর বিন্যাস :-

District Sub-Registrar-IV
Alipore, South 24-Parganas





Name: Sib Charan Das

Signature: Sib Charan Das





Name: [illegible]

Signature:




Name: [illegible]

Signature:




Name:


Signature: Sankar Das

**District Sub-Registrar-IV**
**Alipore, South 24-Parganas**

| PHOTO | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| PHOTO | left hand | | | | | |
| | right hand | | | | | |


ame ..........

ignature ..........

| | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
|  | left hand |  | | | | |
| | right hand |  | | | | |

ame ..........

ignature 27 [illegible]

| | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
|  | left hand |  | | | | |
| | right hand |  | | | | |

me Dinesh Sinh

nature Dinesh Sinh

| | | Thumb | 1st finger | middle finger | ring finger | small finger |
|---|---|---|---|---|---|---|
| PHOTO | left hand | | | | | |
| | right hand | | | | | |

ie ..........

ature ..........

District Sub-Registrar-IV
Alipore, South 24-Parganas

**Government Of West Bengal**
**Office of the D.S.R.-IV SOUTH 24-PARGANAS**
**ALIPORE**
**Endorsement For deed Number :I-04811 of :2009**
**(Serial No. 04091, 2009)**

---

## On 25/08/2009

**Certificate of Admissibility(Rule 43)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A Article number :23,4 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs. 10.00/-

**Payment of Fees:**

Fee Paid in rupees under article : A(1) = 24783/- ,E = 7/- ,H = 28/- ,M(b) = 4/- on:25/08/2009

**Certificate of Market Value(WB PUVI rules 1999)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs-2253285/-

Certified that the required stamp duty of this document is Rs 135207 /- and the Stamp duty paid as: Impresive Rs- 5000

**Deficit stamp duty**

Deficit stamp duty 1.Rs 48000/- is paid, by the draft number 069219, Draft Date 20/08/2009 Bank Name State Bank Of India, Garfa, received on :25/08/2009. 2.Rs 48000/- is paid, by the draft number 069212, Draft Date 20/08/2009 Bank Name State Bank Of India, Garfa, received on :25/08/2009. 3.Rs 34220/- is paid, by the draft number 034621, Draft Date 1/08/2009 Bank Name State Bank Of India, Kalikapur, received on :25/08/2009.

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1))**

Presented for registration at 19.00 hrs on :25/08/2009,at the Private residence by Dinesh Singh,Claimant.

**Admission of Execution(Under Section 58)**

Execution is admitted on 25/08/2009 by

1. Sib Charan Das, son of Lt. Pannalal Das ,Rajpur ,Thana Sonarpur, By caste Hindu,by Profession :Cultivation
2. Bhola Nath Das, son of Lt. Pannalal Das ,Rajpur ,Thana Sonarpur, By caste Hindu,by Profession :Service
3. Sambhu Nath Das, son of Lt. Pannalal Das ,Rajpur ,Thana Sonarpur, By caste Hindu,by Profession :Cultivation
4. Sankar Nath Das, son of Lt. Pannalal Das ,Rajpur ,Thana Sonarpur, By caste Hindu,by Profession :Service
5. Hara Nath Das, son of Lt. Pannalal Das ,Rajpur ,Thana Sonarpur, By caste Hindu,by Profession :Cultivation
6. Dinesh Singh,Director,Nepal Trade Com Pvt Ltd,284/a,b.b.ganguly St,Kol-12, profession :Business

Identified By Debasis Das, son of Sib Charan Das Rajpur Thana: Sonarpur, by caste Hindu,By Profession :Business

**[Panchanan Munshi]**
**DISTRICT SUB-REGISTRAR-IV**
**OFFICE OF THE DISTRICT SUB-REGISTRAR-IV OF SOUTH 24-PARGANAS**
**Govt. of West Bengal**

---

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 15
Page from 1823 to 1837
being No 04811 for the year 2009.

(Panchali Munshi) 27-August-2009
DISTRICT SUB-REGISTRAR-IV
Office of the D.S.R.-IV SOUTH 24-PARGANAS
West Bengal

Alipore, South 24-Parganas